Times Today BD

সিনিয়র রিপোর্টার | ঢাকা | 05 May, 2025

রাজধানীর বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে আওয়ামী লীগ এবং এর সহযোগী সংগঠনের চার নেতাকর্মীকে গ্রেপ্তার করেছে ঢাকা মহানগর গোয়েন্দা (ডিবি) পুলিশ।গতকাল রোববার রাতে রাজধানীর তুরাগ, বনশ্রী, গুলশান এবং কারওয়ান বাজার এলাকায় পৃথক অভিযানে তাঁদের গ্রেপ্তার করা হয়।

গ্রেপ্তার ব্যক্তিরা হলেন—ঢাকা মহানগর উত্তর ৫৩ নম্বর ওয়ার্ড যুবলীগ নেতা মো. সফুর উদ্দিন (৫০), যুবলীগের প্রেসিডিয়াম সদস্য মো. তাজ উদ্দিন আহমেদ (৫২), ঢাকা মহানগর দক্ষিণ আওয়ামী লীগের শিল্প ও বাণিজ্য বিষয়ক সম্পাদক নাসির হোসেন (৬৯) এবং ঢাকা মহানগর দক্ষিণ ছাত্রলীগের সাবেক যুগ্ম-সাধারণ সম্পাদক ও কদমতলী থানা আওয়ামী লীগের সদস্য মো. শহীদ মাহমুদ হেমী (৪২)।

আজ সোমবার (৫ মে) ডিএমপির মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগের উপ-পুলিশ কমিশনার মুহাম্মদ তালেবুর রহমান সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য নিশ্চিত করেন।

ডিবি সূত্রে জানা যায়, উত্তরা ডিবি বিভাগের একটি টিম তুরাগ থানাধীন খালপাড় এলাকা থেকে সফুর উদ্দিনকে, মতিঝিল ডিবি বিভাগের একটি দল বনশ্রী এলাকা থেকে তাজ উদ্দিন আহমেদকে, সাইবার ডিবি বিভাগের সদস্যরা গুলশান এলাকা থেকে নাসির হোসেনকে এবং রমনা ডিবি বিভাগের সদস্যরা কারওয়ান বাজার এলাকা থেকে শহীদ মাহমুদ হেমীকে গ্রেপ্তার করে।

তাদের বিরুদ্ধে রাজধানীর বিভিন্ন থানায় একাধিক মামলা রয়েছে। পুলিশ জানিয়েছে, গ্রেপ্তারকৃতরা সংঘবদ্ধ হয়ে রাজধানীর বিভিন্ন স্থানে ঝটিকা মিছিল ও আইনশৃঙ্খলা পরিস্থিতি অবনতির মাধ্যমে জনমনে আতঙ্ক সৃষ্টির অপচেষ্টায় লিপ্ত ছিল।

রাজধানী গ্রেপ্তার ডিবি আওয়ামী লীগ

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 06:03

URL: https://www.timestodaybd.com/dhaka/7758071980